**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০০৯.২০১১- ৫৮৭

তারিখ : ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

বিষয় : তিন পার্বত্য জেলার ইউপি সচিব এবং গ্রামপুলিশগণের বেতন ও অন্যান্য ভাতার ইউপি অংশ পরিশোধের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র : (১) পার্বত্য জেলা ইউনিয়ন পরিষদ সচিব সমিতির পক্ষে জনাব মো: জাহাঙ্গীর আলম গং এর আবেদন, তারিখ: ২৭/১১/২০২০খ্রি:।
(২) জনাব মো: রুল আমিন, দফাদার, গজালিয়া ইউনিয়ন পরিষদ, বান্দরবান এর আবেদন, তারিখ: ২৭/১১/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, তিন পার্বত্য জেলার ইউপি সচিব এবং গ্রামপুলিশগণের বেতন ও অন্যান্য ভাতার ইউপি অংশ পরিশোধের বিষয়ে নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হিসেবে প্রাপ্ত রাজস্ব হতে পার্বত্য জেলায় ইউনিয়ন পরিষদের কোন আয় আছে কিনা?
(খ) ইউনিয়ন পরিষদের বাৎসরিক আয়ের পরিমাণ কত?
(গ) ইউনিয়ন পরিষদের আয়ের উৎস কি কি?

সংযুক্তি: বর্ণনামতে।

(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

জেলা প্রশাসক
খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।

# পার্বত্য জেলা ইউনিয়ন পরিষদ সচিব সমিতি

বান্দরবান-রাঙ্গামাটি-খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং- ইউ, পি, ৫/২০ তারিখ: ২৭/১১/২০২০ খ্রি.

বরাবর
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
যুগ্মসচিব
যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
২৯/১১/২০
স্বাক্ষর

**বিষয়: পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদ সচিবদের বেতন-ভাতা, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতাদি সম্পূর্ণভাবে সরকারি কোষাগার থেকে পাওয়ার আবেদন।**

মহাত্মন

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা তিন পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদ সচিব হই। তিন পার্বত্য জেলার ভূমি উন্নয়ন কর ১% এবং হাট-বাজার ইজারা, জলমহাল ইজারা ও অন্যান্য আয়ের উৎস কার্যকর না থাকায় পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদ সচিবদের বেতন-ভাতা ৭৫%, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতা ৫০% সরকারিভাবে প্রদান করা হয়। ইউ.পি অংশের বেতন-ভাতা বকেয়া রেখে এক ইউনিয়ন হতে অন্য ইউনিয়ন পরিষদে বদলি হতে হয়। অবসরকালীন আনুতোষিক ভাতা ৫০% (ইউপি অংশ) ছাড়া অবসর গ্রহণ করতে হয়। ইউ.পি সচিবগণ ৩৬-৩৭ বছর চাকুরি করার পর পেনশন সুবিধা না থাকার ফলে আমরা মানবেতর জীবন-যাপন করতে বাধ্য হই। দেশের অন্যান্য জেলায় ভূমি উন্নয়ন কর ১%, হাট-বাজার ইজারা, জলমহাল ইজারা ও অন্যান্য আয়ের উৎসের মাধ্যমে ইউ.পি সচিবদের বেতন-ভাতা ও অবসরকালীন আনুতোষিক ভাতা ইউপি অংশের অর্থ মাননীয় জেলা প্রশাসকের মাধ্যমে প্রদান করা হয়। আমরা পার্বত্য জেলার ইউ.পি সচিবগণ উক্ত সুবিধা হতে সম্পূর্ণভাবে বঞ্চিত। এমতাবস্থায় মানবিক কারণে পার্বত্য জেলার ইউ.পি সচিবদের বেতন-ভাতা, উৎসব ভাতা, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতাদি সম্পূর্ণভাবে সরকারি কোষাগার থেকে প্রদান করার জন্য মহোদয়ের সমীপে আবেদন করছি।

অতএব মহোদয় উপর্যুক্ত বিষয় সদয় বিবেচনা পূর্বক তিন পার্বত্য জেলার ইউ.পি সচিবদের বেতন-ভাতা, উৎসব ভাতা, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতাদি সম্পূর্ণভাবে সরকারি কোষাগার হতে প্রদানের ব্যবস্থা গ্রহণে আপনার একান্ত মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক
পার্বত্য জেলা ইউনিয়ন পরিষদ সচিব সমিতির পক্ষে-

১. মো: জাহাঙ্গীর আলম (বান্দরবান)-
২. লিটন পাল (বান্দরবান)-
৩. লিটন দাশ (বান্দরবান)- ২৭/১১/২০২০
৪. সিরাজুল ইসলাম (রাঙ্গামাটি)-
৫. কিরণ জ্যোতি চাকমা (রাঙ্গামাটি)-
৬. মোশারফ হোসেন (খাগড়াছড়ি)-
৭. কিশোর বিকাশ চাকমা (খাগড়াছড়ি)-

# বাংলাদেশ গ্রাম পুলিশ কর্মচারী ইউনিয়ন

বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং-০২/২০ অতিরিক্ত সচিব (ইউপি) তারিখ: ২৭/১১/২০২০ খ্রি.

বরাবর
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিষয়: বান্দরবান পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশদের বেতন-ভাতা, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতাদি সম্পূর্ণভাবে সরকারি কোষাগার থেকে পাওয়ার আবেদন।**

মহাত্মন

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা বান্দরবান পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশ হই। তিন পার্বত্য জেলার ভূমি উন্নয়ন কর ১% এবং হাট-বাজার ইজারা, জলমহাল ইজারা ও অন্যান্য আয়ের উৎস কার্যকর না থাকায় পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশদের বেতন-ভাতা ৫০%, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতা ৫০% সরকারিভাবে প্রদান করা হয়। অবসরকালীন আনুতোষিক ভাতা ৫০% (ইউপি অংশ) ছাড়া অবসর গ্রহণ করতে হয়। ইউ.পি গ্রাম পুলিশগণ ৩৬-৩৭ বছর চাকুরি করার পর পেনশন সুবিধা না থাকার ফলে আমরা মানবেতর জীবন-যাপন করতে বাধ্য হই। দেশের অন্যান্য জেলায় ভূমি উন্নয়ন কর ১%, হাট-বাজার ইজারা, জলমহাল ইজারা ও অন্যান্য আয়ের উৎসের মাধ্যমে ইউ.পি গ্রাম পুলিশদের বেতন-ভাতা ও অবসরকালীন আনুতোষিক ভাতা ইউপি অংশের অর্থ মাননীয় জেলা প্রশাসকের মাধ্যমে প্রদান করা হয়। আমরা পার্বত্য জেলার ইউ.পি গ্রাম পুলিশগণ উক্ত সুবিধা হতে সম্পূর্ণভাবে বঞ্চিত। অত্যন্ত পরিতাপের বিষয় যে, গ্রাম পুলিশদের থানা হাজিরার যাতায়াত ভাতাও আমরা পাই না। এমতাবস্থায় মানবিক কারণে পার্বত্য জেলার ইউ.পি গ্রাম পুলিশদের বেতন-ভাতা, উৎসব ভাতা, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতাদি সম্পূর্ণভাবে সরকারি কোষাগার থেকে প্রদান করার জন্য মহোদয়ের সমীপে আবেদন করছি।

অতএব মহোদয় উপর্যুক্ত বিষয় সদয় বিবেচনা পূর্বক বান্দরবান পার্বত্য জেলার ইউ.পি গ্রাম পুলিশদের বেতন-ভাতা, উৎসব ভাতা, অবসরকালীন আনুতোষিক ভাতা ও অন্যান্য প্রাপ্ত ভাতাদি সম্পূর্ণভাবে সরকারি কোষাগার হতে প্রদানের ব্যবস্থা গ্রহণে আপনার একান্ত মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক
বাংলাদেশ গ্রাম পুলিশ কর্মচারী ইউনিয়ন
বান্দরবান জেলা শাখার পক্ষে-

(মোঃ রুল আমিন)
দফাদার
গজালিয়া ইউনিয়ন পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।